রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

আরপিজিসিএল ভবন, নিউ এয়ারপোর্ট রোড, প্লট # ২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

www.rpgcl.org.bd

সূত্র নং: ২৮.১৯.০০০০.৩০৩.৩১.০০২.১৬-৬৮৬ তারিখ: ১৭/০৮/২০১৭

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

নিয়োগ বিজ্ঞপ্তি

সিএনজি কার্যক্রম সম্প্রসারণ, নিয়ন্ত্রণ ও নিরাপত্তা নিশ্চিতকরণে আরপিজিসিএল অঙ্গীকারবদ্ধ

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এ নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে অনলাইন (Online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম	বেতনস্কেল-২০১৫	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল/কেমিক্যাল/ ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক/সিভিল/পেট্রোলিয়াম/ নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং)	গ্রেড-৯: ২২০০০-৫৩,০৬০/-	মেকানিক্যাল-৪, কেমিক্যাল-৩, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক-৩ সিভিল-২, পেট্রোলিয়াম-১, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং-৩ মোট=১৬ (ষোল)টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সংস্থায় ০৫ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।
২।	মেডিক্যাল অফিসার	গ্রেড-৯: ২২০০০-৫৩,০৬০/-	০১ (এক)	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	ন্যূনতম এমবিবিএস ডিগ্রি।
৩।	সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)	গ্রেড-৯: ২২০০০-৫৩,০৬০/-	০৪ (চার)	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি।
৪।	সহকারী ব্যবস্থাপক (হিসাব)	গ্রেড-৯: ২২০০০-৫৩,০৬০/-	০৪ (চার)	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা সিএ/আইসিএমএ/ এমবিএ ডিগ্রি অথবা কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে ০৪ বছর মেয়াদী বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি।
৫।	সহকারী কর্মকর্তা (হিসাব)	গ্রেড-১০: ১৬০০০-৩৮৬৪০/-	০২ (দুই)	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বছরের অভিজ্ঞতাসহ বি.কম ডিগ্রি।
৬।	উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক/সিভিল/অটোমোবাইল/ পাওয়ার/মেরিন ইঞ্জিনিয়ারিং)	গ্রেড-১০: ১৬০০০-৩৮৬৪০/-	মেকানিক্যাল-৩, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক-২, সিভিল-১ অটোমোবাইল-১, পাওয়ার-১ মেরিন ইঞ্জিনিয়ারিং-২ মোট=১০ (দশ)টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।

অন্যান্য শর্তাবলী:

১। এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীদেরকে অনলাইনে আবেদন করতে হবে। সেলক্ষ্যে http:/rpgcl.teletalk.com.bd ওয়েবসাইটে লগইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় নিম্নরূপ:

(ক) ২১/০৮/২০১৭ সকাল ৯:০০ টা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ১০/০৯/২০১৭ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

(গ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (অর্থাৎ ১৩/০৯/২০১৭ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত) SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। অনলাইনে আবেদন করার পদ্ধতি:

(ক) প্রার্থীকে Teletalk Bangladesh Ltd.-এর Web address (http:/rpgcl.teletalk.com.bd) অথবা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর Web address (www.rpgcl.org.bd) এর মাধ্যমে সরকারের নির্ধারিত চাকরির মডেল ফরম অনুসরণে আরপিজিসিএল কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instructions for Submitting Application এবং ০৬(ছয়) ক্যাটাগরি পদের জন্য নির্ধারিত Application Form (আবেদন ফরম) এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement-এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর Web address (www.rpgcl.org.bd)-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এ Instruction অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে application Form-এর প্রতিটি Field-এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করত: Form পূরণ করতে হবে এবং লাল তারকা চিহ্ন Field সমূহ অবশ্যই পূরণ করতে হবে। জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই দাখিল করতে হবে।

(খ) **ছবি (Photo):** আবেদন ফরম (Application Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি Scan করে Upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আয়তন হবে 300 x 300 Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হবে সর্বোচ্চ 100 KB. উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **স্বাক্ষর (Signature):** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Scan করে Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আয়তন হবে 300x 80 Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হতে হবে সর্বোচ্চ 60 KB. উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) **ঘোষণা (Declaration):** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে RPGCL কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঙ) **SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা জমা দিতে হবে:

(i) প্রথম SMS: RPGCL<space>User ID লিখে send করুন 16222 নম্বরে। Example : RPGCL ABCDEF
Reply: Applicant's Name, Tk-300.00 will be charged as application fee. Your PIN is (8 digit number)12345678.
To pay fee (পরীক্ষার ফি জমা): Type RPGCL< Space>Yes<Space>PIN and send to 16222.

(ii) দ্বিতীয় SMS: RPGCL<space>Yes<Space>PIN লিখে send করুন 16222 নম্বরে। Example : RPGCL YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for RPGCL Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

(চ) **প্রবেশপত্র (Admit Card):** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/rpgcl.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর Web address (www.rpgcl.org.bd)-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে)

যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। উপরের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে প্রেরিত উত্তরে প্রার্থীকে একটি User ID এবং পাসওয়ার্ড ব্যবহার করে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি সংবলিত Admit Card (প্রবেশপত্র) download করে প্রিন্টপূর্বক (সম্ভব হলে রঙিন) সংরক্ষণ করতে হবে। এই Admit Card (প্রবেশপত্র) টি লিখিত/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সঙ্গে আনতে হবে।

(ছ) **পাসওয়ার্ড মুছে গেলে বা হারিয়ে গেলে:** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত পদ্ধতিতে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i) User ID জানা থাকলে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন RPGCL<Space>Help<Space>User>Space>User ID and send to 16222 (Example: RPGCL HELP USER ABCDEF) ।

ii) PIN Number জানা থাকলে RPGCL<Space>Help<Space>PIN>Space>PIN No and send to 16222 (Example: RPGCL HELP PIN 12345678) ।

৩। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও RPGCL-এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি (মূল সনদপত্র প্রদর্শন ও সত্যায়িত ছায়ালিপি জমা, সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি) মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন/জমা দিতে হবে।

৬। সকল পদের জন্য প্রার্থীর বয়স আবেদনের শেষ তারিখ অর্থাৎ ০৯/০৯/২০১৭ তারিখে ৩০ বছরের অধিক হবে না। তবে, মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৭। চাকরি প্রার্থীর পিতা/মাতা অথবা পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবেন যার/যাদের নাম প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং -০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬ তারিখ ০৭.১১.২০১০ মোতাবেক মুক্তিবার্তা পত্রিকায় প্রকাশিত হয়েছিল; অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছিল; অথবা যারা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর স্বাক্ষরযুক্ত সনদপত্র (Certificate) গ্রহণ করেছেন। মুক্তিযাদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যার পুত্র কন্যা সনাক্তকরণ পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯/০৫/২০১১ তারিখের সংশ্লিষ্ট পরিপত্র অনুসৃত হবে। এক্ষেত্রে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সনদের/প্রমাণাদির সত্যায়িত কপি এবং চাকরিপ্রার্থীকে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা মর্মে ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতীয় বিষয়ক সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৯। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

১০। জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। কোন Appeared প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১১। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

১২। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। যেহেতু অনলাইন আবেদনপত্রে পুরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইনে আবেদনপত্র দাখিল করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুন: পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসম্পূর্ণ/ ভুল তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। নির্বাচিত প্রার্থীদের প্রযোজ্যতা অনুযায়ী কোম্পানির বিভিন্ন স্থাপনায় ও প্রত্যন্ত অঞ্চলে (কক্সবাজারের মহেশখালী ও সিলেটের গোলাপগঞ্জ) চ্যালেঞ্জিং কাজে পোস্টিং প্রদান করা হবে। যারা এরূপ অঞ্চলে চাকরি করতে আগ্রহী নন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

২০। **এই নিয়োগ বিজ্ঞপ্তি আরপিজিসিএল-এর ওয়েবসাইট** www.rpgcl.org.bd **এবং পেট্রোবাংলার ওয়েবসাইট** www.petrobangla.org.bd **এ পাওয়া যাবে।**

আরপিজিসিএল/পিআর-১৫ ৭

মহাব্যবস্থাপক
(প্রশাসন)